

ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

Corporate Office : 3/C, New Baily Road, Ramna, Dhaka. Ph : 9345942, PABX: 8312757, 8317328,
E-mail : dcaa.2009@gmail.com Website: www.dcaadhaka.org

প্রচার পত্র নং- ২৩/২০১৯

তারিখ : ১০/১০/২০১৯ইং

সম্মানীয় সদস্যবৃন্দ,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা এর নথি নং- ৫-কাস(১২২)লাইসেন্স/বিবিধ/আইসিডি/২০১৬/১৩২২৬(৬) তারিখঃ- ০৭/১০/২০১৯ খ্রিঃ মোতাবেক ২০২০-২০২৪ইং মেয়াদে সিএন্ডএফ এজেন্ট লাইসেন্স নবায়নের জন্য আবেদনপত্র দাখিল সংক্রান্ত “বিজ্ঞপ্তি” আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রচার করা হইল।



(মোঃ হোসাইফ আলী ওসমানী)

প্রচার ও প্রকাশনা সম্পাদক

ফোন : ০১৭২৬-৭৮৮৩৩৪, ০১৬৭৫-৩৮৭০৯৭

কাস্টম হাউস আইসিডি

কমলাপুর, ঢাকা।

“বিজ্ঞপ্তি”

কাস্টমস্ এজেন্টস্ লাইসেন্সিং বিধিমালা-২০১৬ এর বিধি-৯ এর বিধান মোতাবেক কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা'র আওতাধীন যেসকল কাস্টমস্ এজেন্টস্ লাইসেন্স এর মেয়াদ আগামী ৩১/১২/২০১৯ খ্রিঃ তারিখে উত্তীর্ণ হবে তা পরবর্তী ৫ (পাঁচ) বছর (২০২০-২০২৪) মেয়াদে নবায়নের লক্ষ্যে আগামী ২৪/১০/২০১৯ খ্রি তারিখের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ কাস্টম হাউস আইসিডি, কমলাপুর ঢাকা বরাবর আবেদন পত্র দাখিল করার জন্য সংশ্লিষ্ট লাইসেন্সিকে অনুরোধ করা হলো।

০২। নির্ধারিত তারিখের মধ্যে লাইসেন্স নবায়নের আবেদনপত্র না পাওয়া গেলে বা অসম্পূর্ণ কাগজপত্র কিংবা যথাযথ দলিলাদি/কাগজপত্র ব্যতীত আবেদন দাখিলের কারণে লাইসেন্স নবায়ন সম্ভব হবে না। এ ক্ষেত্রে আগামী ৩১/১২/২০১৯ খ্রিঃ তারিখ হতে On Line System এ মেয়াদ উত্তীর্ণ লাইসেন্স এর AIN No সমূহ স্বয়ংক্রিয়ভাবে Lock হয়ে যাবে। বর্ণিতাবস্থায়, জটিলতা এড়ানোর লক্ষ্যে যথাসময়ের লাইসেন্স নবায়ন কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া যে, সকল কাস্টমস্ সরকার পারমিট ৩১/১২/২০১৯ খ্রিঃ মেয়াদ উত্তীর্ণ হবে, তা তাদের পরবর্তী মেয়াদে নবায়নের লক্ষ্যে ২৪/১০/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন পত্র দাখিল করার জন্য পরামর্শ প্রদান করা হলো। উল্লেখ্য যে, প্রয়োজনীয় দলিলাদি ব্যতীত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদন সমূহ লাইসেন্সিং বিধিমালা ২০১৬ অনুযায়ী নিষ্পত্তি করা হবে।

লাইসেন্স নবায়নের ক্ষেত্রে নিম্নলিখিত দলিলাদি/কাগজপত্র দাখিল করতে হবে :

- ২০/- (বিশ) টাকা মূল্যমানের কোর্ট ফি সম্বলিত লেটার হেড প্যাডে লাইসেন্স নবায়নের আবেদন, (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মূল মালিক/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত হতে হবে;
- মূল লাইসেন্স/লাইসেন্স বুকলেট;
- হালনাগাদ ট্রেড লাইসেন্সের এর সত্যায়িত ফটোকপি;
- হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত ফটোকপি;
- হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র (লাইসেন্সে উল্লিখিত ঠিকানা অনুযায়ী) এবং উক্তরূপ ভাড়ার বিপরীতে পরিশোধিত মূসক চালানের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- লাইসেন্স নবায়নের ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার (ট্রেজারী চালান টি আর-৬ এর মাধ্যমে, যার কোড ১-১১৩১-০০২০-১৮৫৪) সরকারী কোষাগারে জমাপূর্বক এর মূল কপি;
- লাইসেন্স নবায়নের ফি এর উপর ১৫% ভ্যাট এর টাকা (ট্রেজারী চালান টি আর-৬ এর মাধ্যমে, যার কোড ১-১১৩১-০০২০-০৩১১) সরকারী কোষাগারে জমাপূর্বক এর মূল কপি;
- সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন কর্তৃক প্রদানকৃত হালনাগাদ মেম্বারশীপ সনদ;
- বিগত মেয়াদের (২০১৬-২০১৯ পর্যন্ত) কার্য সম্পাদনের বিবরণী;

স্বাঃ/ ০৭/১০/২০১৯ইং

(মুহাম্মদ মাহফুজ আলম)

সহকারী কমিশনার

ও

সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ।
সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষের পক্ষে।